

রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু Ranada Prasad Shaha University Inaugurated



Left: Portrait of Rai Bahadur Ranada Prasad Shaha, the great entrepreneur and philanthropist.
Right: Hoisting of National Flag during inauguration of RPSU at Narayanganj.

- রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু
- অটিজম: জেপিইউএফ - কুমুদিনী সহযোগিতা
- দুর্গা প্রসাদ সাহা 'অটিজম ও মানবিক প্রয়াস' শীর্ষক স্মারক সেমিনার অনুষ্ঠিত
- ধামরাইয়ে যশোমাধবের রথযাত্রা উৎসবে কুমুদিনীর অংশগ্রহণ
- মির্জাপুরে প্রীতি সম্মেলন
- শুভ ক্রয় দিবস - মৌসুমের প্রথম পাট ক্রয় ও বেলিংয়ের শুভ সূচনা
- মির্জাপুরে নতুন বিদ্যুৎ উপকেন্দ্র স্থাপিত
- ৩৯তম শাহাদাত বার্ষিকীতে বঙ্গবন্ধুর প্রতি কুমুদিনীর বিনম্র শ্রদ্ধা
- ফটো ফিচার
- আন্তর্জাতিক সেবিকা দিবস পালিত
- রণদা প্রসাদ সাহা ইউনিভার্সিটি এডমিশন ডিসপ্লে
- শোক সংবাদ
- চিকিৎসা পরিসংখ্যান

নারায়ণগঞ্জের প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয় (RPSU) গত ৭ জুলাই, ২০১৪ তারিখে শুভ উদ্বোধনের মাধ্যমে যাত্রা শুরু করছে। দেশে বর্তমানে ৭৯টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে নারায়ণগঞ্জ শহরের শীতলক্ষ্যা ২নং সুলতান গিয়াসউদ্দীন রোডে অবস্থিত RPSU অন্যতম।

গত ১৫ সেপ্টেম্বর, ২০১৩ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় নারায়ণগঞ্জ শহরে RPSU প্রতিষ্ঠার অনুমতি প্রদান করে। পরবর্তী সময় চলতি বছরের ৩০ জুন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) বিশ্ববিদ্যালয়ে আপাতত চারটি অনুষদের আওতায় ছয়টি আন্ডারগ্র্যুয়েট প্রোগ্রামের অনুমোদনসহ ছাত্র-ছাত্রী ভর্তি ও শিক্ষা কার্যক্রম শুরু করার অনুমতি দেয়। ইতোমধ্যে অনুমোদিত বিষয়ে নিয়মিত ক্লাশ শুরু হয়েছে।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত বিষয়গুলো হচ্ছে স্কুল অব বিজনেস অনুষদের আওতায় -

Inauguration ceremony of Ranada Prasad Shaha University (RPSU) was held on 7 July 2014 at Narayanganj. The university has started functioning on its own campus at 25 Sultan Gias Uddin Road at Shitalakhya in Narayanganj. Presently there are 79 private universities in the country among which RPSU is set to become one of the premier institutions.

Ministry of Education of the Government of Bangladesh had accorded approval for setting up of RPSU on 15 September 2013. Subsequently, on 30 June 2014 University Grants Commission (UGC) had accorded permission to enroll students initially for six Undergraduate Programmes under four faculties. Already classes have commenced. UGC - approved programmes are the following:



Guests, management and students of RPSU at the inaugural ceremony.

ব্যাচেলর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (BBA)

স্কুল অব ইঞ্জিনিয়ারিং অনুষদের আওতায় ব্যাচেলর অব কমপিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE) এবং ব্যাচেলর অব ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (EEE)

স্কুল অব লাইফ সায়েন্স অনুষদের আওতায় ব্যাচেলর অব ফার্মেসি, স্কুল অব আর্টস এন্ড সোশ্যাল সায়েন্স অনুষদের আওতায় ইংরেজিতে বিএ অনার্স এবং ব্যাচেলর অব ল (LLB)।

বাংলাদেশের বহু শিক্ষা প্রতিষ্ঠানের উদ্যোক্তা ও প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহার নামে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট (KWT) কর্তৃক স্থাপিত এ বিশ্ববিদ্যালয়টি অচিরেই শিক্ষা, গবেষণা ও আধুনিকতায় একটি আন্তর্জাতিক মানের শিক্ষা প্রতিষ্ঠানরূপে পরিণত হবে বলে সকলে আশাবাদী।

উদ্বোধনকালে মাসলিক অনুষ্ঠান ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়। উদ্বোধনের সূচনা লগ্নে মানবদরদী রণদা প্রসাদ সাহার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ ও মঙ্গল প্রদীপ প্রজ্জ্বলন করা হয়। উদ্বোধন করা হয় বাংলাদেশের লাল সবুজ রঙের জাতীয় পতাকা এবং পরিবেশিত হয় জাতীয় সঙ্গীত 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি'। অতঃপর মহান সৃষ্টিকর্তার কাছে বিশ্ববিদ্যালয়ের শুভ কামনায় প্রার্থনা করা হয়। অনুষ্ঠিত হয় মিলাদ ও দোয়া মাহফিল।

'আমাদের প্রত্যাশা, অচিরেই RPSU সকলের দোয়া ও আশীর্বাদে নারায়ণগঞ্জ তথা বাংলাদেশের একটি গর্বের শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে খ্যাতি লাভ করবে। এ বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য হবে দেশে একটি সুশিক্ষিত দক্ষ জনশক্তি গড়ে তোলা।' বিশ্ববিদ্যালয়ের দ্বার উন্মোচনকালে এমনই আশাব্যঞ্জক বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয় ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মি. রাজীব প্রসাদ সাহা। তিনি আরও বলেন, 'নারায়ণগঞ্জে নিয়ে কুমুদিনীর প্রাণ পুরুষ দানবীর রণদা প্রসাদ সাহার অনেক স্বপ্ন ছিল। কিন্তু ৭১'এর মহান মুক্তিযুদ্ধ চলাকালে তিনি সপুত্র মুক্তিযুদ্ধ বিরোধি শক্তি কর্তৃক চিরদিনের জন্য অপহৃত হওয়ায় তাঁর সেই স্বপ্ন অপরূপ থেকে যায়। আমরা উত্তরসূরীরা শিক্ষানুরাগী ও সেবাব্রতী রণদা প্রসাদ সাহার স্বপ্নকে জাগিয়ে রাখতে

Business Administration

Computer Science & Engineering

Electrical & Electronic Engineering

Pharmacy

English

Law & Human Rights

The university had been named "Ranada Prasad Shaha University" (RPSU) to commemorate the founder of Kumudini Welfare Trust (KWT), the great philanthropist Rai Bahadur Ranada Prasad Shaha. R P Shaha during his lifetime had founded a number of renowned educational institutions in different parts of the country. It is hoped that RPSU within a short time would be able to establish itself as a centre of excellence in the field of higher studies, research and development.

The inauguration ceremony commenced with the laying of floral wreaths on the portrait of R P Shaha and lighting of candles. On the occasion national flag of Bangladesh was raised and the national anthem was sung. Lastly, prayers were offered for the continued success of the university.

While inaugurating the university the Chairman of the Board of Trustee of RPSU Mr. Rajiv Prasad Shaha said that: "It is our belief that shortly RPSU will transform itself into a premier institution bringing glory not only to Narayanganj but to Bangladesh as well. The aim of the university is to deliver educated quality workforce to the nation". He also said, "R P Shaha had a lot of dreams centering Narayanganj. Unfortunately during the war of liberation in 1971, he along with his only able son were abducted by those opposing our independence. They never

চাই, বাস্তবে রূপ দিতে চাই। এই বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা তাঁর স্বপ্নকে বাস্তবায়িত করতে পারবে বলে আমার বিশ্বাস।’

উদ্বোধনী অনুষ্ঠানে RPSU’র ট্রাস্টি বোর্ডের সদস্যদের মধ্যে প্রিলিপাল প্রতিভা মুৎসুদ্দি ও মিসেস শ্রীমতী সাহা বক্তব্য রাখেন। তাঁদের বক্তব্যে দানবীর রণদা প্রসাদ সাহার সংগ্রামী ও কর্মময় জীবন এবং তাঁর নামে একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

নতুন ভর্তি হওয়া ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে বক্তব্য রাখতে গিয়ে প্রিলিপাল প্রতিভা মুৎসুদ্দি বলেন, ‘রণদা প্রসাদ সাহা এমনি একজন মানুষ ছিলেন যিনি নিজের কঠোর পরিশ্রমের উপার্জিত সম্পদ অসহায় মানুষের কল্যাণে দান করে গেছেন যা এক অনন্য দৃষ্টান্ত।’ রণদা প্রসাদের আদর্শের কথা উল্লেখ করে মিস প্রতিভা মুৎসুদ্দি বলেন, ‘তিনি জাতিভেদে বিশ্বাস করতেন না। আর্থের সেবা করাই জীবনের প্রধান কর্তব্য বলে তিনি মনে করতেন।’

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের অন্যতম পরিচালক ও রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সদস্য মিসেস শ্রীমতী সাহা তাঁর বক্তব্যে বলেন, ‘ট্রাস্টের দীর্ঘদিনের প্রচেষ্টা ও উদ্যোগে এবং সকলের দোয়া-আশীর্বাদে ও সহযোগিতায় বিশ্ববিদ্যালয়টির আজ শুভ উদ্বোধন হলো।’ নবাগত ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে তিনি বলেন, ‘প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি তোমাদের নৈতিক শিক্ষার ওপরও জোর দিতে হবে এবং তবেই পরিপূর্ণ মানুষ হওয়া যাবে।’

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য প্রফেসর ড. অমল কৃষ্ণ হালদার বলেন, ‘আমরা RPSU-কে শিক্ষায়, গবেষণায় ও আধুনিকতায় একটি আন্তর্জাতিকমান সম্মত প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলব। পাশাপাশি সাংস্কৃতিক চর্চা, খেলাধুলা, শিক্ষা সফর ইত্যাদিরও ব্যবস্থা থাকবে এই বিশ্ববিদ্যালয়ে।’ তাঁর বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের কারিকুলাম সম্পর্কে জানা যায়। তিনি এ বিশ্ববিদ্যালয়টিকে একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়রূপে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় ট্রাস্টি বোর্ডের অন্যতম সদস্য মিসেস শম্পা সাহা, মি: রাহাত ফয়সাল ও কমডোর (অব:) মোহাম্মদ ফারুক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, নবাগত ছাত্র-ছাত্রী, কর্মকর্তাবৃন্দ এবং অতিথিবৃন্দ। অতিথিবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রফেসর ড. সুপ্রিয়া সাহা, প্রজ্ঞা, রুদ্র প্রসাদ সাহা, ঋদ্ধি সাহা, রাহী সাহা প্রমুখ। কর্মকর্তাদের মধ্যে ছিলেন প্রফেসর বাসুদেব চন্দ্র গোপ, কমান্ডার (অব:) মোহাম্মদ করিম প্রমুখ।

returned. Thus his dreams remained unfulfilled. We the descendents wish to uphold the dreams of this great entrepreneur and philanthropist and help turn those into reality. I believe, the students of RPSU will materialize the dreams of our founder”.

Members of the Board of Trustee of RPSU Ms Protiva Mutsuddy and Mrs Srimati Shaha also spoke at the inaugural ceremony. Both the speakers talked on the life and works of R P Shaha and the reasons for naming the university after R P Shaha. They also spoke on the aim and objective of setting up RPSU.

While addressing the newly enrolled students Principal Protiva Mutsuddy said, “R P Shaha was a unique individual who had given away all his hard earned wealth for the welfare of the poor and the distressed. He would not believe in the division brought in by caste, creed or religion. Service to the humanity was his main aim in life”.

Director of KWT and member of Board of Trustee of RPSU, Mrs Srimati Shaha said, “Setting up of the university was a long cherished dream of KWT and this has come true with the good wishes and support from all. Beside studies the students should build up moral character which would ensure growing up as a complete human being”.

The Acting Vice Chancellor of RPSU, Prof Dr Amal Krishna Halder said, “We shall build up RPSU as a centre for excellence in the field of studies, research and development of international standard. We shall provide scope for cultural growth, games and sport as well as educational tours”. He outlined the curriculum of RPSU and expressed his commitment to transform RPSU into a centre of excellence.

The inaugural ceremony was also attended by the members of the Board of Trustee Mrs Shampa Shaha, Mr Rahat Faisal, Commodore Muhammed Farooque (Retd), teachers of RPSU, students, officers and guests. Among the guests, Progya, Rudra Prasad Shaha, Riddhi Shaha, Rahi Shaha and Prof Dr Supria Saha of Dhaka University were also present. Among the officers Prof Bashudev Chandra Gope and Commander M Karim (Retd) were present.



A section of Freshers of RPSU.

অটিজম : জেপিইউএফ- কুমুদিনী সহযোগিতা

Autism : JPUF - Kumudini Cooperation



A team led by Mr Rajiv Prasad Shaha, Managing Director, Kumudini Welfare Trust discussing matters relating to the services to autistic people.

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনস্থ ঢাকার মিরপুরে অবস্থিত জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন (জেপিইউএফ) দেশের প্রতিবন্ধী মানুষের সেবায় নিবেদিত একটি প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানটি প্রতিবন্ধী মানুষের সেবার উদ্দেশ্যে ২০০৭ সালে ওয়ান-স্টপ সেবাকেন্দ্র হিসেবে কার্যক্রম শুরু করে। প্রতিষ্ঠানটি বর্তমানে সারা দেশে ৭৩টি সেবাকেন্দ্র পরিচালনা করছে।

গত ২২ জুন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক মি: রাজীব প্রসাদ সাহার নেতৃত্বে একটি প্রতিনিধি দল জেপিইউএফ-এর কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়ার উদ্দেশ্যে উক্ত প্রতিষ্ঠান পরিদর্শনে যান। প্রতিনিধি দলে অন্যান্যদের মধ্যে ছিলেন কুমুদিনী মহিলা কলেজের অধ্যক্ষ, কুমুদিনী হাসপাতালের পরিচালক, কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের অধ্যক্ষা, ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষা প্রমুখ।

প্রতিনিধি দলটি জেপিইউএফ-এর ব্যবস্থাপনা পরিচালক গাজী মোহাম্মদ নূরুল কবির এর সঙ্গে এক আলোচনায় মিলিত হন। প্রসঙ্গক্রমে কুমুদিনী তার সেবামূলক কর্মকাণ্ডের সম্প্রসারণ হিসেবে অটিজম ক্ষেত্রে কাজ করতে আগ্রহ প্রকাশ করে। ফলপ্রসূ আলোচনা শেষে মি. কবির কুমুদিনীর সমাজকল্যাণমূলক কাজের ভূয়সী প্রশংসা করেন। এই আলোচনারই সূত্রে কুমুদিনী গত ২৭ আগস্ট মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্সে ‘অটিজম ও মানবিক প্রয়াস’ শীর্ষক দুর্গা প্রসাদ সাহা স্মারক সেমিনারের আয়োজন করে। এতে প্রয়োজনীয় সহযোগিতা দান করে সেন্টার ফর ডিসএ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি)।

Jatio Protibondhi Unnayan Foundation (JPUF) at Mirpur, Dhaka is an organization under the Ministry of Social Welfare providing services to the disabled including those with autism. JPUF started with One-Stop service centre for persons with disabilities in 2007. It now runs 73 centres all over the country.

A team from Kumudini led by Mr Rajiv Prasad Shaha, MD KWT visited JPUF on 22 June 2014. The team included Principal Kumudini Women's Medical College, Director Kumudini Hospital, Principal Kumudini Nursing School & College and Principal Bharateswari Homes.

KWT team met Gazi Mohammad Nurul Kabir, Managing Director (Additional Secretary) of JPUF. A fruitful discussion took place where Mr Kabir praised the social work being carried out by KWT. Kumudini showed its interest to work in the field of Autism initially followed by other areas. As a follow up to this meeting Kumudini arranged Durga Prasad Shaha Memorial Seminar on “Autism and Human Endeavour” at Kumudini Complex, Mirzapur on 27 August 2014. Necessary support in this respect was received from Centre for Disability in Development (CDD).

দুর্গা প্রসাদ সাহা
'অটিজম ও মানবিক প্রয়াস'
শীর্ষক স্মারক সেমিনার অনুষ্ঠিত

Durga Prasad Shaha
Memorial Seminar on 'Autism and
Human Endeavour'



Mrs Srimati Shaha informing of the future plan of Kumudini Welfare Trust on Autism in the seminar on 'Autism and Human Endeavour' organised in memory of Durga Prasad Shaha.

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের উদ্যোগে গত ২৭ আগস্ট মির্জাপুরে ভারতেশ্বরী হোমসের পিপিএম হলে স্বর্গীয় দুর্গা প্রসাদ সাহা স্মরণে 'অটিজম ও মানবিক প্রয়াস' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। এতে আলোচনায় অংশগ্রহণ করেন ট্রাস্টের দুই পরিচালক প্রিন্সিপাল প্রতিভা মুৎসুদ্দি ও মিসেস শ্রীমতী সাহা, কুমুদিনী মহিলা মেডিক্যাল কলেজের প্রিন্সিপাল প্রফেসর ডা. এম এ হালিম, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্দার, কুমুদিনী হাসপাতালের সুপার ডা. পি কে রায়, কুমুদিনী নাসির্গ স্কুল এন্ড কলেজের প্রিন্সিপাল সিস্টার রিনা ক্রুশ, ভারতেশ্বরী হোমসের ভারপ্রাপ্ত প্রিন্সিপাল প্রতিভা হালদার, সেন্টার ফর ডিসএ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি) এর প্রজেক্ট ম্যানেজার হাসিবা হাসান জয়া, ডিসএ্যাবিলিটি থিমোটিক এক্সপার্ট মো. জাহাঙ্গীর আলম প্রমুখ।

সেমিনারে মিস প্রতিভা মুৎসুদ্দি এবং মিসেস শ্রীমতী সাহা তাঁদের প্রত্যক্ষ অভিজ্ঞতার আলোকে দুর্গা প্রসাদ সাহা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। দুর্গা প্রসাদ সাহা সম্পর্কে তাঁদের অভিজ্ঞতার বর্ণনা শুনে উপস্থিত দর্শকমণ্ডলী আবেগাপ্ত হয়ে পড়েন। দুর্গা প্রসাদ মহান দানবীর রণদা প্রসাদ সাহা'র জ্যেষ্ঠপুত্র। তিনি একজন প্রতিবন্ধী ছিলেন বটে তবে জন্ম প্রতিবন্ধী ছিলেন না। তাঁর জন্ম ১৯৩৮ সালে। সুন্দর ফুটফুটে শিশুটি জন্মের ছ'মাস পর মেনিনজাইটিস রোগে আক্রান্ত হলে শারীরিক ও মানসিক প্রতিবন্ধকতার শিকার হন। পারিবারিক সচ্ছলতা, চিকিৎসা সেবা, পরম মমতা ও পরিচর্যা প্রতিপালিত হয়েও তিনি জীবনের শেষদিন পর্যন্ত প্রতিবন্ধীই থেকে

A seminar in memory of Durga Prasad Shaha titled 'Autism and Human Endeavour' was held at PPM Hall of Bharateswari Homes at Mirzapur on 27 August 2014. Those who participated in the discussion were: Directors of KWT Principal Protiva Mutsuddy and Mrs Srimati Shaha, Principal of Kumudini Women's Medical College Prof Dr M A Halim, Director of Kumudini Hospital Dr Dulal Chandra Podder, Superintendent of Kumudini Hospital Dr P K Roy, Principal of Kumudini Nursing School & College Sister Rina Cruz, Acting Principal of Bharateswari Homes Mrs Protiva Halder, Project Manager of Centre for Disability in Development (CDD) Mrs Hasiba Hasan Joya and Disability Thematic Expert Mr Md Jahangir Alam.

At the seminar Ms Protiva Mutsuddy and Mrs Srimati Shaha spoke at length on their personal experience of having seen Durga Prasad Shaha. The attendees were deeply moved by their talk. Durga Prasad Shaha was the eldest of the two sons of R P Shaha. He had disability but he was not born autistic. He was born in 1938. At six months of age he was attacked by meningitis and thereby became mentally handicapped. In spite of being born in a very wealthy family and having the best of care, treatment, love and affection he remained handicapped



Prominent educationist and great exponent of KWT Principal Prativa Mutsuddy in spite of her serious illness was kind enough to attend as the chief guest at the seminar on Autism. She is addressing the seminar held at PPM Hall of Bharateswari Homes from her seat.

গেছেন। নির্ভরতা, পরমুখাপেক্ষিতা আর যন্ত্রণা নিয়ে পরিবারের সবার আদরের 'বড়খোকা' দুর্গা প্রসাদ ৪৭ বছর বয়সে ১৯৮৫ সালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

দুর্গা প্রসাদের আজীবনের শারীরিক ও মানসিক বেদনা পরিবারের ছোটবড় প্রতিটি সদস্যকে করেছে ব্যথিত, যন্ত্রণাক্লিষ্ট। অর্থব্যয়, চিকিৎসা, পরম সেবা-শুশ্রূষা কিছুই কাজে আসেনি। কালব্যধি মেনিনজাইটিসের প্রভাব নিষ্পাপ দুর্গা প্রসাদকে আমৃত্যু যন্ত্রণায় করেছে দন্ধ, রেখেছে অসহায় করে। এমনতর পরিস্থিতিতে শ্লেহময় পিতা, মমতাময়ী জননী, আদরের ভাইবোন, ভাতৃবধু কিংবা ভ্রাতৃপুত্র কারও মনেই কি শান্তি স্থায়ী হতে পারে!

পিতার প্রতিষ্ঠিত দেশখ্যাত যে কুমুদিনী হাসপাতালে শত সহস্র মুহূর্ত রোগী ভর্তি হয়ে জীবনের শেষ চিকিৎসার ব্রত নিয়ে সম্পূর্ণ আরোগ্য হয়ে অবশিষ্ট জীবন সুখে অতিবাহিত করতে সক্ষম হয়েছেন, সেখানেই কিনা মেনিনজাইটিস বিশেষজ্ঞ চিকিৎসকের অভাবে প্রিয় সন্তান দুর্গা প্রসাদের চিকিৎসা করানো গেলনা। শুধু তাই নয়, অবিভক্ত ভারতের কোনো হাসপাতালেও দুর্গা প্রসাদের চিকিৎসা করা সম্ভব হয়নি। নিয়তির কী পরিহাস, বিধির কী ছলনা! যেন অটিস্টিক রোগীদের চিকিৎসার সেকাল আর একাল নেই। আজও এদের সম্পূর্ণ আরোগ্য করে তোলার চিকিৎসার উত্তরণ ঘটেনি।

এমনতর পরিস্থিতিতে অন্তর্জালায় দন্ধ কুমুদিনী পরিবারের প্রতিটি সদস্য ভেবেছেন, যারা দুর্গা প্রসাদের মতো স্বাভাবিক জীবনযাপন করতে পারছেন কিংবা সমাজের 'অটিস্টিক' অভিধায় যে সব মানুষ পরিবারের সদস্যদের দুর্গশ্চিন্তার কারণ হয়ে জীবনযাপন করতে বাধ্য হয় তাদের জন্য কী ব্যবস্থা করা যায়। পরিবারের অন্যান্য সদস্যদের

till the last day of his life. He passed away at the age of 47 in 1985 having suffered and being dependent on others despite loving care of the entire family.

The entire family of Durga Prasad Shaha had to endure the pain and sorrow of seeing him pass his life as a mentally retarded individual. Wealth, medication, love and care all went in vain. The effect of meningitis was the cause of pain and suffering for him. In such circumstances the loving care and affection of his father and mother, dear brother and sisters, sister-in-law and nephew could not bring any peace in their mind.

Thousands of patients who got admitted into Kumudini Hospital as a last hope, set up by his father went home cured, but unfortunately Durga Prasad Shaha could not be treated here because of lack of expertise on meningitis at that time. Even there was no hospital in the whole of undivided India where he could get proper treatment. Not much has developed since then. The same is true about autistic patients even today.

Having gone through this ordeal, Kumudini family was deeply moved and had always understood the pain and sorrow which an autistic patient along with the family has to suffer. The sufferings of Durga Prasad Shaha had a profound effect on Mr Rajiv Prasad Shaha the MD of KWT who had been always very close to his uncle. This prompted him

মতো দুর্গা প্রসাদের ভাতুপুত্র এবং কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক মি: রাজীব প্রসাদ সাহাকেও সমানভাবে বিষয়টি ভাবিত করেছে। এ ভাবনা আর অটিস্টিক মানুষের দুঃখকষ্ট তাঁকে দৃঢ়প্রতিজ্ঞ করেছে 'অটিজম' এর ওপর কিছু কল্যাণকর কাজে ব্রতী হতে। দুর্গা প্রসাদ সাহা স্মরণে 'অটিজম ও মানবিক প্রয়াস' শীর্ষক এই সেমিনারটি প্রকৃতপক্ষে তাঁরই আন্তরিক ভাবনার ফলশ্রুতি।

দুর্গা প্রসাদ সাহা মৃত্যু হয় ১৯৮৫ সালে এবং তাঁর ছোট ভাই ভবানী প্রসাদ সাহা ১৯৭১এ স্বাধীনতা বিরোধী শক্তির দ্বারা অন্তর্হিত হয়ে পিতাকে সহ চিরদিনের মতো চলে যান লোকচক্ষুর অন্তরালে। জ্যাঠামশাই দুর্গা প্রসাদ সাহা স্মরণে প্রতিবন্ধী মানুষের কল্যাণে কিছু সেবামূলক কাজ করার পরিকল্পনা সর্বদাই ভাতুপুত্র রাজীব প্রসাদ সাহা মনে ছিল। অচিরে কুমুদিনী হাসপাতালে অটিস্টিক মানুষের জন্য সেবা-শুশ্রূষা, চিকিৎসা, শিক্ষা প্রভৃতির লক্ষ্যে একটি পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। এটি বাস্তবায়িত হলে মানব সেবার ভুবনে কুমুদিনীতে একটি নতুন মাত্রা সংযোজিত হবে।

দুর্গা প্রসাদ সাহা ছোট ভাইয়ের স্ত্রী শ্রীমতী সাহা সেমিনারে তাঁর সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেছেন, 'শারীরিক ও মানসিক প্রতিবন্ধী ব্যক্তিটির কষ্ট আমি খুব কাছ থেকে দেখেছি। এ জাতীয় মানুষের জন্য কুমুদিনী মানবতার হাত বাড়িয়ে এমন কিছু পরিকল্পনা নিয়েছে যা অদূর ভবিষ্যতে সকলের সহযোগিতায় বাস্তবায়ন করা সম্ভব হবে। এর ফলে তাদের জীবন কিছুটা সহজতর হতে পারে, তাদের বিড়ম্বনাময় জীবনে কিছুটা স্বস্তি আসতে পারে।'

প্রিন্সিপাল প্রতিভা মুৎসুদ্দি তাঁর চরম অসুস্থতার মাঝেও সেমিনারে আসেন। তিনি বলেন, 'কুমুদিনীর এ উদ্যোগ অবশ্যই সফল হবে এবং অটিস্টিক মানুষের সেবার মাধ্যমে কুমুদিনী পরিবারের 'বড়খোকা' দুর্গা প্রসাদকে অকালে হারানোর বেদনা কিছুটা হলেও লাঘব হবে'।

দুর্গা প্রসাদ স্মরণে কুমুদিনী অটিজমের ওপর কাজ করার যে পরিকল্পনা নিয়েছে তার লক্ষ্য হবেঃ

- ক. অটিজম সম্পর্কে জনসচেতনতা জাগানো
- খ. অটিস্টিক শিশুদের সামাজিকভাবে পুনর্বাসিতকরণ
- গ. অটিস্টিক শিশুদের শিক্ষা ও প্রশিক্ষণকল্পে আদর্শ অনুকরণযোগ্য প্রতিষ্ঠান গড়ে তোলা।

সংক্ষেপে অটিস্টিক শিশুদের যথোপযোগী শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে আত্মনির্ভরশীল ও উপার্জনক্ষম করে একটি অর্থপূর্ণ ও কর্মমুখর জীবন নিশ্চিত করার লক্ষ্যেই কুমুদিনীর এই কর্মপ্রয়াস।

উল্লেখ্য, দুর্গা প্রসাদ সাহা স্মরণে আলোচ্য সেমিনার শেষে মধ্যাহ্ন বিরতির পর কমপ্লেক্সের নয়া লাইব্রেরিতে একটি কর্মশালা ও প্রদর্শনীর ব্যবস্থা করা হয়। কুমুদিনী হাসপাতালের ডাক্তার, ভারতেশ্বরী হোমসের ছাত্রী-শিক্ষক, কুমুদিনী মেডিক্যাল কলেজের ছাত্রী-শিক্ষক, কুমুদিনী নার্সিং কলেজের শিক্ষক, অটিস্টিক শিশুদের অভিভাবক ও মির্জাপুর Creative Works Society- এর একদল তরুণ এতে অংশ নেন। কর্মশালাটি পরিচালনা করেন সিডিডি'র মি. মোঃ জাহাঙ্গীর আলম। তাঁকে সহযোগিতা করেন মি. মো. রাসেল। কর্মশালার বিষয়বস্তু ছিল অটিজম সম্পর্কে ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের স্বচ্ছ ধারণা দান ও সমাজে অটিস্টিক শিশুদের শিক্ষায় সম্পৃক্তকরণ।

to do something for those suffering from autism. The seminar in memory of Durga Prasad Shaha titled "Autism & Human Endeavour" is a step forward in that direction.

Durga Prasad Shaha died in 1985 while his younger brother Bhavani Prasad Shaha was abducted along with his father by the anti liberation forces in 1971. They never returned. Rendering of services to the disabled in memory of Duga Prasad Shaha has always been in the mind of his dear ones specially his nephew. It is being planned to build up facilities at Kumudini Hospital to provide services to the disabled like medical care, education etc. which shall add a new dimension to the services that Kumudini already provides.

Mrs Srimati Shaha the sister-in-law of Duga Prasad Shaha while speaking at the seminar said, "I have observed closely the sufferings of the mentally and physically disabled persons. To support these disabled people Kumudini has chalked out certain programmes which I am sure can be implemented with support from all. This will surely make their life easy and comfortable".

In spite of serious illness Principal Protiva Mutsuddy attended the seminar. She said, "This endeavour of Kumudini in helping the disabled will surely be successful. It will also lessen the sorrow of losing Durga Prasad Shaha to some extent at least".

In memory of Durga Prasad Shaha, Kumudini's work on Autism will mainly focus on:

- 1) Awareness generation
- 2) Social rehabilitation of autistic children
- 3) Establishment of ideal institution for education and training of autistic children

In short, Kumudini would endeavour to see that autistic children get the best of care and love so that they can be educated and trained to be self dependent as far as possible and be able contribute to the society.

After the inaugural session there was a lunch break followed by a workshop and exhibition which was held in the new library. Doctors from Kumudini Hospital, students and teachers of Bharateswari Homes, teachers and students of Kumudini Women's Medical College, teachers of Kumudini Nursing College, guardians of autistic children and a group of youngsters from "Creative Works Society" of Mirzapur participated in the workshop. The workshop was conducted by Mr Md Jahangir Alam of CDD. He was assisted by Mr Md Rusel. The subject of the workshop was to give a clear idea to the participants on autism and assimilation of autistic children in the general education process.

ধামরাইয়ে যশোমাধবের রথযাত্রা উৎসবে কুমুদিনীর অংশগ্রহণ

Kumudini's Participation In Joshomadhab's Rothajatra at Dhamrai



On the eve of Rope Pulling of the great Chariot of Sree Sree Jashomadhab.

গত ২৯ জুন ঢাকার অদূরে ধামরাইয়ে শুরু হয় শ্রীশ্রী যশোমাধব দেবের শুভ রথযাত্রা উৎসব। উল্টোরথ অনুষ্ঠানের মাধ্যমে গত ৭ জুলাই এ উৎসবের সমাপ্তি ঘটে।

রথোৎসব উপলক্ষে উদ্বোধনী দিবসে সকালে প্রতি বছরের মতো এবারও ভারতেশ্বরী হোমসের ভক্ত ছাত্রী ও শিক্ষকগণ অংশগ্রহণ করেন। ঐদিন সকালে ছাত্রীরা মন্দির প্রাঙ্গণে পরিবেশন করে ভক্তিমূলক গান।

উদ্বোধনী অনুষ্ঠানে বিকেলে আলোচনা অনুষ্ঠান শেষে অগণিত ভক্ত-দর্শক রথের রশি টানায় অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মি. বীরেন শিকদার, এমপি। বিশেষ অতিথি ছিলেন স্থানীয় এমপি বীর মুক্তিযোদ্ধা আলহাজ্জ এম এ মালেক। শ্রীশ্রী যশোমাধব মন্দির পরিচালনা কমিটির সভাপতি মেজর জেনারেল জীবন কানাই দাস (অব.) এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন ধামরাই উপজেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্জ মোঃ তমিজ উদ্দিন, উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আবদুল লতিফ, পৌরসভার মেয়র দেওয়ান নাজিম উদ্দিন মঞ্জু, শ্রীশ্রী যশোমাধব মন্দির পরিচালনা কমিটির সাধারণ সম্পাদক ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক মি. রাজীব প্রসাদ সাহা।

The “Rothajatra” celebration of Sree Sree Joshomadhab was held at Dhamrai near Dhaka on 29 June 2014. The celebration ended with “Ultoroth” on 7 July 2014.

Like in the previous years, students and teachers of Bharateswari Homes participated in the celebrations in the morning. The students sang devotional songs at the temple premises.

In the evening of the inaugural day and after the discussion session was over, the devotees and spectators participated in the pulling of the “Roth” rope. The chief guest of the occasion was Mr Biran Sikhdar MP, State Minister for Youth & Sports. Local MP and freedom fighter Alhaj M A Malek was the special guest. The discussion meeting was presided over by the Convener of the Temple Management Committee Major General Jiban Kanai Das (Retd). Chairman Upazila Porishod Alhaj Md Tajuddin, Upazila Nirbahi Officer Md Abdul Latif, Municipal Mayor Dewan Nazimuddin Monju, the General Secretary of the Sree Sree Joshomadhab temple organizing committee and MD of KWT Mr Rajiv Prasad Shaha were present.

মির্জাপুরে প্রীতি সম্মেলন

Get-Together at Mirzapur Complex



Baby Rahi attempts to do humane service by offering diet to a patient undergoing treatment at Kumudini Hospital.

গত ১৬ আগস্ট মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে কুমুদিনী পরিবারের সদস্য-সদস্যদের উপস্থিতিতে অত্যন্ত সৌহার্দ্যপূর্ণ পরিবেশে এক প্রীতি সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের বিভিন্ন দপ্তরে কর্মরত ব্যক্তিবর্গ যেমন রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও ছাত্রছাত্রীবৃন্দ, কুমুদিনী মহিলা মেডিক্যাল কলেজ, কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজ ও ভারতেশ্বরী হোমসের ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাগণ অংশগ্রহণ করেন। এছাড়া কুমুদিনীর ঢাকা ও নারায়ণঞ্জের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা এবং কুমুদিনী হাসপাতালের ডাক্তার ও সেবিকাগণও এই প্রীতি সম্মেলনে অংশ নেন। এদিন হাসপাতালের রোগীদের মধ্যে বিশেষ খাবার পরিবেশন করা হয়। প্রীতি সম্মেলনে অংশগ্রহণকারী সকলকে মধ্যাহ্ন ভোজে আপ্যায়ন করা হয়। কুমুদিনী পরিবারের সাথে সংশ্লিষ্ট সকলের মধ্যে আন্তরিক সম্পর্ক গড়ে তুলতে এ জাতীয় সম্মেলন অত্যন্ত সহায়ক ভূমিকা পালন করে।

A get-together of the Kumudini family was arranged at Mirzapur Complex on 16 August 2014 where all the members belonging to the various units of KWT attended. Teachers and students of Ranada Prasad Shaha University (RPSU), Kumudini Women's Medical College, Kumudini Nursing School & Nursing College and Bharateswari Homes also participated. Besides officers and staff of KWT working at Narayanganj and Dhaka also attended. In observance of the day special diet was served to the patients at Kumudini Hospital. A lunch party was arranged in honour of the attendees. Members working in different units were able to exchange greetings and interact with each other in a cordial atmosphere in the meet. Such events invariably help build bond of friendship and improve working relationship among members working in different stations.

শুভ ক্রয় দিবস মৌসুমের প্রথম পাট ক্রয় ও বেলিৎয়ের শুভ সূচনা

নারায়ণগঞ্জে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট অব বেঙ্গল (বিডি) লিমিটেড গত ২৩ আষাঢ় (৭জুলাই) ‘শুভ ক্রয় দিবস’ পালন করেছে। প্রতি বছর কুমুদিনী মৌসুমের প্রথম পাট ক্রয় ও বেলিৎয়ের শুভ সূচনা করে থাকে রথোৎসবের দিনে।

সাধারণত প্রতিবছর প্রথম রথযাত্রা বা উল্টোরথের দিনটিকে কুমুদিনী ‘শুভ ক্রয় দিবস’ হিসেবে পালন করে থাকে। এবার দিবসটি পালিত হলো উল্টোরথ বা রথোৎসবের সমাপ্তি দিবসে।

দিবসের কর্মসূচির মধ্যে ছিল মাস্তুলিক অনুষ্ঠান ও মিলাদ মাহফিল। এতে কুমুদিনীর কল্যাণে পরম করুণাময়ের আশীর্বাদ কামনা করা হয়। কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক মি: রাজীব প্রসাদ সাহা, পরিচালক মিসেস শ্রীমতী সাহা ও মিস প্রতিভা মুৎসুদ্দি নারায়ণগঞ্জে কুমুদিনী কমপ্লেক্সে মিলিতভাবে পাট ক্রয় ও প্রেসে বেলিৎ বা বাঁধাইয়ের শুভ উদ্বোধন করেন।

মির্জাপুরে নতুন বিদ্যুৎ উপকেন্দ্র স্থাপিত

মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সে ১১/০.৪১ কেভি, ১০০০ কেভিএ ক্ষমতার একটি নতুন বিদ্যুৎ উপকেন্দ্র স্থাপন করা হয়েছে। এটি চালু হয়েছে ২৬ আগস্ট। আশা করা যায়, এই বিদ্যুৎ উপকেন্দ্রটি চালু হওয়ায় সমগ্র কমপ্লেক্সে সার্বক্ষণিক নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত হবে। এটি নির্মাণ করতে ব্যয় হয়েছে আনুমানিক ৭৫ লাখ টাকা। কুমুদিনী কমপ্লেক্সে ভবিষ্যতে বিদ্যুতের বাড়তি চাহিদার কথা মনে রেখেই নতুন বিদ্যুৎ উপকেন্দ্রটির নক্সা প্রণয়ন করা হয়েছে। উপকেন্দ্রটির ট্রান্সফরমার, এইচটি/এলটি সুইচগিয়ার, স্বয়ংক্রিয় পিএফআই প্লান্ট ও অন্যান্য যন্ত্রপাতির সরবরাহকারী আমাদের দেশীয় প্রতিষ্ঠান এনার্জিপ্যাক লিঃ।



Newly built 11/0.415 kV, 1000 kVA electric Sub-Station at Mirzapur Complex.

Happy Purchase Day Season's First Jute Purchase & Bailing Inauguration

“Happy Purchase Day” was observed at Narayanganj premises of Kumudini Welfare Trust of Bengal (BD) Ltd. on 23 Ashar (7 July). Every year Kumudini celebrates this programme on the “Rothajatra” celebration as First Jute Purchase & Bailing Inauguration day.

Normally this day is observed on the day of first “Rothajatra” or on the day of “Ultoth”. This year this took place on the day of “Ultoth”.

The day's programme included welfare programme and Milad Mahfil. On this occasion blessing from God for the progress of Kumudini was sought.

MD of KWT Mr Rajiv Prasad Shaha, Directors Mrs Srimati Shaha and Ms Protiva Mutsuddy inaugurated the jute purchase and bailing.

Commissioning of New Electric Sub Station at Mirzapur

Commissioning of a 11/0.415kV, 1000 kVA new Electric Sub Station took place at Kumudini Complex, Mirzapur on 26 August 2014. The Sub Station has been set up at a cost of approximately Taka 75 lac. The Transformer, HT & LT Switchgear, Automatic PFI Plant along with other accessories were supplied by a local company named Energypac Ltd. With the commissioning of the Sub Station it is expected that the entire Kumudini Complex will receive uninterrupted and stable power supply round the clock. While designing the Sub Station, future increasing power requirement of the Complex has been taken into consideration.

৩৯তম শাহাদাত বার্ষিকীতে বঙ্গবন্ধুর প্রতি কুমুদিনীর বিনম্র শ্রদ্ধা

Kumudini Pays Tribute to Bangabandhu on His 39th Death Anniversary



Bangabandhu's death anniversary: The students of Bharateswari Homes rendering patriotic songs.

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গোটা জাতির সঙ্গে একাত্ম হয়ে তাঁর ৩৯তম শাহাদাত বার্ষিকীতে গত ১৫ আগস্ট কুমুদিনী পরিবার বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করে। ১৯৭৫ এর এদিনে ঘাতকেরা বঙ্গবন্ধুর পরিবারের ১৬ সদস্য ও অন্যান্য আত্মীয় স্বজনসহ তাঁকে হত্যা করে। শোকাবহ এদিনটি স্মরণেই সারা দেশে জাতীয় শোক দিবস পালন করা হয়। এ উপলক্ষে মির্জাপুরস্থ কুমুদিনী কমপ্লেক্সে অবস্থিত ভারতেশ্বরী হোমস নানা কর্মসূচির আয়োজন করে। সকাল ৭.৩০ মিনিটে কুমুদিনী মেডিকেল কলেজ এন্ড হাসপাতালের প্রধান ফটক ও ভারতেশ্বরী হোমসে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয় ও শোক দিবসের প্রতীক কালো পতাকা উত্তোলন করা হয়।

ভারতেশ্বরী হোমসের ছাত্রী সংসদের আয়োজনে 'আজো সেই শ্রাবণ' শীর্ষক একটি গীতি আলোচ্য পরিবেশিত হয়। দেশাত্মবোধক সঙ্গীত, আবৃত্তি, আলোচনা ও প্রার্থনায় অনুষ্ঠিত হয় শোক দিবসের অনুষ্ঠান। এ উপলক্ষে ছাত্রীদের মধ্যে 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' বিষয়ে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। আলোচনা সভায় মূল রচনা পাঠ করেন একাদশ শ্রেণির ছাত্রী মুবাস্বীরা কিবরিয়া। রচনার শিরোনাম 'স্বাধীন বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান'। তার প্রবন্ধের মূল বিষয় ছিল বঙ্গবন্ধুর আপোষহীন সংগ্রামী নেতৃত্বে বাংলাদেশের জন্ম। সকাল ৯ টায় ভারতেশ্বরী হোমসের পিপিএম হলে বঙ্গবন্ধুর ৩৯তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভায় সভাপতিত্ব করেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রিন্সিপাল প্রতিভা মুৎসুদ্দি। বক্তৃতা করেন ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রতিভা হালদার, উপাধ্যক্ষ মো. গোলাম কিবরিয়া, অধ্যাপক ঘোষ অমলেন্দু ও মনীর সিদ্দিকা।

প্রিন্সিপাল প্রতিভা মুৎসুদ্দি তাঁর বক্তব্যে বলেন, 'ব্যক্তি মুজিবকে হত্যা করা সম্ভব হলেও তাঁর রেখে যাওয়া আদর্শকে মুছে ফেলা সম্ভব নয়।' সবশেষে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সকল শহীদের আত্মার শান্তি কামনায় এক মিনিট নীরব প্রার্থনা করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুমুদিনী পরিবারের কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

Along with the entire nation the Kumudini family paid rich tributes on the occasion of the 39th death anniversary of Bangabandhu Sheikh Mujibur Rahman on 15 August. On this day the assailants killed Bangabandhu along with 16 members of his family and others. The nation observes this day as a day of national mourning. On this occasion a number of programmes were chalked out at Kumudini Complex, Mirzapur. At 7:30 in the morning the national flag was raised and brought to half mast both at the main gate of the Complex and at Bharateswari Homes. As a sign of mourning black flags were also raised.

The students union of Bharateswari Homes arranged a drama "Ajo Ei Shrabane". Discussion, prayers, rendering of patriotic songs also took place. An essay and drawing competition were held titled "Bangabandhu and Bangladesh". At the discussion meeting the keynote paper was read out by Mubashwira Kibria a student of Class-XI. The essay was titled "The architect of Bangladesh - Bangabandhu Sheikh Mujibur Rahman". The main theme was Bangabandhu's uncompromising leadership and birth of Bangladesh.

Director of KWT Ms Protiva Mutsuddy presided over the discussion session which was held at the PPM Hall of Bharateswai Homes at 9 in the morning. Those who spoke on the occasion are: Acting Principal Protiva Halder, Vice Principal Golam Kibria, Prof Ghosh Amalndu and Munira Siddiqua.

Principal Protiva Mutsuddy said, "It was possible to kill Mujib as an individual but his principles cannot be erased". At the end one minute's silence was observed in memory of Bangabandhu and his shaheed family members. All present prayed for salvation of the departed soul. Officers and employees of Kumudini family were present in the function.

Photo Feature



Students and teachers of Bharateswari Homes rendering devotional songs at the temple premise of Joshomadhab.

News at Page: 8



Rudra and Rahi wishing their second sister Riddhi on an occasion held in observance of her 7th birth anniversary. They are the children of the Managing Director of KWT.

The eldest one Ruhini is not in the picture.

- August 16, 2014



Mrs Pramila Bhatnagar, the mother of High Commissioner of India in Bangladesh Mr Pankaj Sharon, recently visited Kumudini Complex at Mirzapur with her son to see for herself the philanthropic activities of KWT. She went round the Complex and saw the Museum and Library, Bharateswari Homes, Kumudini Hospital and other institutions. She also met the Indian students who are pursuing their MBBS at Kumudini Women's Medical College. Mrs Srimati Shaha, Director of KWT, accompanied her during the visit. – May 23, 2014



Mr Md. Jahangir Alam, a disability thematic expert of Centre for Disability in Development (CDD), participated in the seminar on Autism and spoke about his long experience in working with the disabled.



Publications and appliances helpful for the disabled are being exhibited on the corridor of Kumudini Hospital.

News at Pages: 5-7

আন্তর্জাতিক সেবিকা দিবস পালিত

International Nurses Day Observed



A candle light procession brought out by the nurses of Kumudini Nursing School & Nursing College on International Nurses Day.

কুমুদিনী নার্সিং স্কুল এন্ড কলেজের ছাত্রীরা ‘আমি এক সেবিকা, সেবাই আমার ধর্ম’-এই সঙ্গীত পরিবেশনের মাধ্যমে গত ১২মে আধুনিক নার্সিং এর প্রতিষ্ঠাতা ফ্লোরেন্স নাইটিংগেলের জন্মদিনে আন্তর্জাতিক সেবিকা দিবস পালন করেন। বিশ্বের সাথে তাল মিলিয়ে প্রতি বছরের ন্যায় এ বছরেও কুমুদিনী হাসপাতালের সেবিকাবৃন্দ দিনটি উদ্‌যাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি হাতে নেন।

এদিন সকাল ৬ টায় সেবিকাবৃন্দ কুমুদিনী নার্সিং স্কুল ও নার্সিং কলেজের ছাত্রীরা হাতে মোমবাতি জ্বেলে একটি র্যালি বের করে কুমুদিনী মেডিকেল কলেজ ও হাসপাতাল ক্যাম্পাসে বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করেন। র্যালি শেষে কেক কাটা, মোমবাতি প্রজ্জ্বলন, শপথ বাক্য নবায়ন, আলোচনা সভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করেন ছাত্রীরা। নার্সিং কলেজের প্রিন্সিপাল সিস্টার রিনা ক্রুশ কেক কেটে আলোচনা সভার উদ্বোধন করেন। সভায় সেবিকাদের কর্ম দক্ষতা ও ফ্লোরেন্স নাইটিংগেলের জীবন ও আদর্শ সম্পর্কে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভার পর শুরু হয় নার্সিং স্কুল ও নার্সিং কলেজের ছাত্রীদের অংশগ্রহণে নাটক ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের কর্মকর্তাবৃন্দ।

Birthday of Florence Nightangle the founder of modern nursing was observed as the International Nurses Day at Kumudini Nursing School & Nursing College on 12 May 2014. The song “I am a nurse, service is my religion” was sung by the students. In keeping with the traditions followed in other countries the nurses of Kumudini Hospital chalked out different programmes.

At 6 in the morning the nurses of Kumudini Nursing School & College brought out a candle light procession that paraded around the Medical College & Hospital Complex. After the rally was over, cakes were cut, candle lighted, oath renewed and was followed by discussion and cultural function. Principal of Nursing College Sister Rina Cruz cut the cake and inaugurated the function. Discussion took place on the life and works of Florence Nightangle and skill of nurses. After the discussion the students of Nursing School & Nursing College staged a drama and presented colourful cultural function. Officers of KWT were among the guests invited.



Ranada Prasad Shaha University

-- an institution of Kumudini Welfare Trust of Bengal (BD) Ltd.
(Approved by the Govt. of Bangladesh and University Grants Commission)

ADMISSION GOING ON



Undergraduate Programs

- BUSINESS ADMINISTRATION ■ COMPUTER SCIENCE & ENGINEERING
- ELECTRICAL & ELECTRONIC ENGINEERING ■ PHARMACEUTICAL SCIENCES
- LAW & HUMAN RIGHTS ■ ENGLISH

Campus : 25 Sultan Gias Uddin Road, Shitalakhya, Narayanganj-1400
☎ (02) 7635000 ☎ 01966667778, 01938809909 ✉ info@rpsu.edu.bd
🌐 www.rpsu.edu.bd 📘 www.facebook.com/ranadaprasadshahauniversity

The first ever University in Narayanganj

শোক সংবাদ

কুমুদিনী ফার্মা লি:(কেপিএল) এর ফিল্ড ম্যানেজার মো. মিজানুর রহমান গত ২ জুন মৃত্যুবরণ করেন। তিনি কিডনী সংক্রান্ত জটিল রোগে ভুগছিলেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল প্রায় ৩৬ বছর।

প্রয়াত মো. মিজানুর রহমান কেপিএল এর টাঙ্গাইল ডিপোর আওতায় মির্জাপুর-২ এলাকায় কোম্পানির বিভিন্ন পদে ১১ বছরের অধিক চাকরি করেন। তিনি ২০০৩ সালে মেডিক্যাল প্রতিনিধি হিসেবে যোগদান করে ২০০৬ সালে ফিল্ড সুপারভাইজার হন। পরে ২০০৭ সালে ফিল্ড ম্যানেজার পদে উন্নীত হয়ে মৃত্যুর পূর্ব পর্যন্ত একই পদে মির্জাপুর-২ এলাকায় কর্মরত ছিলেন।



Late Md. Mizanur Rahman

Obituary

Md. Mizanur Rahman, a field manager of Kumudini Pharma Ltd. (KPL), passed away on 2 June 2014. He was suffering from kidney ailments. He was only 36 years old.

Late Md. Mizanur Rahman worked in the Mirzapur-2 area under Tangail Depot of KPL in different positions for more than 11 years. In 2003 he joined KPL as Medical Representative and was promoted to Field Supervisor in 2006. In 2007 he was promoted to the post of Field Manager and served in Mirzapur-2 area for KPL till his death.

টিকাদান কর্মসূচী

	মে	জুন	জুলাই	আগস্ট
পোলিও	৩৩৬	৩৬৯	৩২৭	৪১৪
টি.টি.	১৭৪	১৪৮	৬৬	৯৯
মিজেলস	৭৩	৯	৫১	৬৯
বি.সি.জি	৫৭	১৩২	১১৯	১১৪
রুবেলা	৫৮	৯৩	৭৪	১২১
ভিটা-এ ক্যাপ	১১০	১১০	৩০০	২৪৬
প্যান্টাব্যালেন্স	২৮৭	২৭৬	২৫৩	২৯৩

হাসপাতালে ভর্তিকৃত রোগী

	মে	জুন	জুলাই	আগস্ট
ভর্তি	৩৪০১	৩৮৩৮	৩১৩৭	৩৭৮৯

বর্ধিবিভাগে মোট রোগী

	মে	জুন	জুলাই	আগস্ট
	২০১৩২	২২৯৬৭	১৭৮৫২	২৩১২৫

হাসপাতালে মৃত্যু

	মে	জুন	জুলাই	আগস্ট
	৪৩	৬৬	৬৬	৬৭

অপারেশন

	মে	জুন	জুলাই	আগস্ট
সার্জারী				
মেজর	৬৩	৬৫	৫১	৫৬
সেমি মেজর	৩৭	৫১	২৪	৩২
মাইনর	২৬৭	৩০০	২৮৭	২৯৬

অর্থোপেডিক্স

	মে	জুন	জুলাই	আগস্ট
মেজর	১৯	১৭	২৮	১৭
সেমি মেজর	২১	১৫	১০	১৩
মাইনর	৭৮৭	৬৯৭	৭৩৬	৭০৭

ই.এন.টি.

	মে	জুন	জুলাই	আগস্ট
মেজর	৩৪	৫০	২৭	৩৪
মাইনর	৫	৪	১২	১২

গাইনি

	মে	জুন	জুলাই	আগস্ট
মেজর	২৫	৩২	৩৪	৩৯
সেমি মেজর	৫২	৪৪	৫০	৩০
মাইনর	৬	১০	৪	৭

অবস্টেট্রিক্স

	মে	জুন	জুলাই	আগস্ট
মেজর	১২৪	১২০	১৪১	১২০
মাইনর	১১৩	১১২	১০৭	১৩৫

চক্ষু শিবির

	মে	জুন	জুলাই	আগস্ট
চক্ষু অপারেশন				
সর্বমোট	২২৫	২৯৪	১৬০	২৯১

দন্ত

	মে	জুন	জুলাই	আগস্ট
অপারেশন দন্ত				
মেজর	২৫	২৮	১৯	৩৫
মাইনর	৮৪	৭৫	৬২	৬৭

মাইনর অপারেশন

	মে	জুন	জুলাই	আগস্ট
বর্ধিবিভাগ	১৪৮	১২১	১০২	১২৪

চক্ষু শিবির

ঠিকানা	মাস/তারিখ	পুরুষ	মহিলা	মোট
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৭/৫/২০১৪	১১৯	১১০	২২৯
মধুপুর, টাঙ্গাইল	১৫/৫/২০১৪	১০০	১৩৮	২৩৮
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৭/৬/২০১৪	২০০	১৮৮	৩৮৮
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	১৫/৬/২০১৪	১২১	৮০	২০১
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৭/৭/২০১৪	১২১	১০০	২২১
মধুপুর, টাঙ্গাইল	১৫/৭/২০১৪	৮০	৫২	১৩২
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৭/৮/২০১৪	১৮২	২০২	৩৮৪
মধুপুর, টাঙ্গাইল	১৬/৮/২০১৪	৮০	৭৭	১৫৭

Vaccination Programme

	May	June	July	August
Polio	336	369	327	414
T.T	174	148	66	99
Measles	73	9	51	69
B.C.G	57	132	119	114
Robela	58	93	74	121
Vita- A Cap	110	110	300	246
Pantavalent	287	276	253	293

Patient Admitted in Hospital

	May	June	July	August
Admission	3401	3838	3137	3789

Out Patient

	May	June	July	August
	20132	22967	17852	23125

Patient Death in Hospital

	May	June	July	August
	43	66	66	67

Operation

	May	June	July	August
Surgery				
Major	63	65	51	56
Semi Major	37	51	24	32
Minor	267	300	287	296

Orthopaedics

	May	June	July	August
Major	19	17	28	17
Semi Major	21	15	10	13
Minor	787	697	736	707

E.N.T.

	May	June	July	August
Major	34	50	27	34
Minor	5	4	12	12

Gynae

	May	June	July	August
Major	25	32	34	39
Semi Major	52	44	50	30
Minor	6	10	4	7

Obstetrics

	May	June	July	August
Major	124	120	141	120
Normal	113	112	107	135

Eye Camp

	May	June	July	August
Eye Operation				
Total	225	294	160	291

Dental

	May	June	July	August
Operation Dental				
Major	25	28	19	35
Minor	84	75	62	67

Minor Operation

	May	June	July	August
Out Patient	148	121	102	124

Eye Camp

Address	Month/Date	Male	Female	Total
Fulbaria, Mymensingh	7/5/2014	119	110	229
Modhupur, Tangail	15/5/2014	100	138	238
Fulbaria, Mymensingh	7/6/2014	200	188	388
Fulbaria, Mymensingh	15/6/2014	121	80	201
Fulbaria, Mymensingh	7/7/2014	121	100	221
Modhupur, Tangail	15/7/2014	80	52	132
Fulbaria, Mymensingh	7/8/2014	182	202	384
Modhupur, Tangail	16/8/2014	80	77	157